

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৪০

তারিখ: ১১ কার্তিক ১৪২৮

২৭ অক্টোবর ২০২১

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

১। আবহাওয়ার সতর্কবার্তা:

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক বার্তা নেই এবং কোন সতর্ক সংকেতও দেখাতে হবে না।

২। আজ ২৭ অক্টোবর ২০২১ খ্রিঃ তারিখ সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

ফরিদপুর, মাদারীপুর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি অথবা বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

৩। ২৭ অক্টোবর ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থাঃ লঘুচাপের বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে।

পূর্বাভাসঃ ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া শুষ্ক থাকতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): সামান্য পরিবর্তন হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩২.৮	৩১.৫	৩৩.৪	৩২.০	৩২.৫	৩২.১	৩৩.০	৩২.৪
সর্বনিম্ন তাপমাত্রা	২২.০	২২.৩	২৩.৮	২১.৬	২১.৩	২১.০	২১.৮	২৪.৪

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল চাঁদপুর ৩৩.৪° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ১৯.০° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস:

- ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- গঙ্গা-পদ্মানদীর পানি সমতল স্থিতিশীল আছে, যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- দেশের উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার প্রধান নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

৪ (ক)। নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১০৯	গেজ স্টেশন বন্ধ আছে	০
বৃদ্ধি	২৯	গেজ পাঠ পাওয়া যায়নি	০
হ্রাস	৭৭	মোট তথ্য পাওয়া যায়নি	০
অপরিবর্তিত	০৩	বিপদ সীমার উপরে	০

৫। বৃষ্টিপাতের তথ্যঃ

গত ২৪ ঘণ্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গতকাল সকাল ৯.০০টা থেকে আজ সকাল ৯.০০টা পর্যন্ত):

স্টেশন	বৃষ্টিপাত (মিমি.)
-	-

৬ (ক)। অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৫ অক্টোবর, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা থেকে ২৬ অক্টোবর, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১১ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৩	০	০
২।	ময়মনসিংহ	১	০	০
৩।	রাজশাহী	৩	০	০
৪।	চট্টগ্রাম	১	০	০
৫।	খুলনা	২	০	০
৬।	রংপুর	১	০	০
	মোট	১১	০	০

৬ (খ)। বজ্রপাতের তথ্যঃ সিলেট জেলায় গত ০২/০৯/২০২১ খ্রি. ও ২৪/১০/২১ খ্রি. তারিখে হাওরে মাছ ধরার সময় বজ্রপাতে ০৩(তিন) জন নিহতের তথ্য পাওয়া যায়।

সূত্র: স্মারক নং ৫১.০১.৯১০০.০০০.৯৬.০০৩.২১-৪৩৭ ও ৫১.০১.৯১০০.০০০.৪২.০০৭.২১-৫১৪।

নিহতদের তালিকা নিম্নে দেয়া হলো-

ক্রঃনং	জেলা	নাম ও ঠিকানা	ঘটনার সময় ও তারিখ	মন্তব্য
১।	সিলেট	নাম- জিয়াউল হক, পিতা- মৃত মকবুল, গ্রাম- রায়পুর, ডাকঘর- চতুল বাজার, উপজেলা- কানাইঘাট।	২৯/০৮/২০২১ খ্রি. হাওরে মাছ ধরার সময়।	নিহত
		নাম- নিরঞ্জন বিশ্বাস (২৭), পিতা- মৃত গুরুচরণ বিশ্বাস, গ্রাম- শিবপুর, ইউনিয়ন- ইছাকলস, উপজেলা- কোম্পানীগঞ্জ।	২০/১০/২০২১ খ্রি. হাওরে মাছ ধরার সময়।	নিহত

	নাম- ফনিন্দ্র বিশ্বাস (২৭), পিতা- রতন বিশ্বাস, গ্রাম- শিবপুর, ইউনিয়ন- ইছাকলস, উপজেলা- কোম্পানীগঞ্জ।	২০/১০/২০২১ খ্রি. হাওরে মাছ ধরার সময়।	নিহত
--	---	--	------

৬ (গ)। নৌদুর্ঘটনাঃ পাটুরিয়া মানিকগঞ্জ জেলার ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা ঘটনাস্থল থেকে টেলিফোনে জানান যে, অদ্য ২৭/১০/২০২১ খ্রি. তারিখ রোজ বুধবার সকাল ৯:৩০ মিনিটের সময় পাটুরিয়া ফেরী ঘাটে শাহ আমানত ফেরীর দুর্ঘটনায় ডুবে যাওয়া ফেরীতে গাড়ির সংখ্যা ১৭ টি (কাভার্ড ভ্যান), ফেরী থেকে নেমে যাওয়া গাড়ির সংখ্যা ০৩টি, সনাক্ত হওয়া গাড়ির সংখ্যা ০৩টি, নিখোঁজ ০৩টি। নিখোঁজ মটর সাইকেল ১৪টি (আনুমানিক)। জেলা প্রশাসক, পুলিশ সুপার, ফায়ার সার্ভিস, মানিকগঞ্জ র্‌যাব ঘটনাস্থলে থেকে উদ্ধার অভিযান পরিচালনা করছে। আহত ও নিহতের কোন তথ্য এখন পর্যন্ত পাওয়া যায়নি। তথ্য প্রাপ্তিসাপেক্ষে বিবরণ প্রেরণ করা হবে।

৭ (ক)। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে মানবিক সহায়তার কার্যক্রমঃ

- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ২৪/১০/২০২১ খ্রিঃ তারিখের ৪০৪ নং স্মারকের মাধ্যমে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্তদের মানবিক সহায়তা প্রদানের জন্য জেলা প্রশাসক, রংপুর ও কুড়িগ্রাম এর অনুকূলে ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা করে এবং নীলফামারী ও লালমনিরহাট এর অনুকূলে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা করে মোট ৩৬,০০,০০০/- (ছত্রিশ লক্ষ) টাকা ত্রাণ কার্য (নগদ) বরাদ্দ প্রদান করা হয়েছে।

৭ (খ)। কোভিড-১৯ ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগকালীন মানবিক সহায়তার কার্যক্রমের বিবরণঃ

ক্রঃ নং	ত্রাণ কার্যক্রমের নাম	বরাদ্দের পরিমাণ		
		চলতি অর্থ বছরে (০১/০৭/২০২১ খ্রিঃ থেকে ২৭/১০/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত)	বিগত (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে ৩০/০৬/২০২১খ্রিঃ) পর্যন্ত	মোট বরাদ্দ (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে অদ্য পর্যন্ত)
১	২	৩	৪	৫ (৩+৪)
১	৩৩৩ ফোন নম্বরে অনুরোধকারীদের খাদ্য সহায়তা প্রদানের নিমিত্ত বরাদ্দ অর্থ	১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা	-	১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা
২	ত্রাণ কার্য (নগদ অর্থ)	৩৯,৭৪,৮৯,০০০/- (উনচল্লিশ কোটি চুয়াত্তর লক্ষ উননব্বই হাজার) টাকা	১০১১,১৩,৩২,৫১১/- (এক হাজার এগার কোটি তের লক্ষ বত্রিশ হাজার পঁচাত্তর এগার) টাকা	১০৫০,৮৮,২১,৫১১/- (এক হাজার পঁঞ্চাশ কোটি আটাত্তিশ লক্ষ একুশ হাজার পঁচাত্তর এগারো) টাকা
৩	চাল	১,৬২,১১৮.৫১ (এক লক্ষ বাষট্টি হাজার একশত আঠার দশমিক পঁচ এক) মে: টন	৪,৪৪,৫৪২ (চার লক্ষ চুয়াল্লিশ হাজার পঁচাত্তর বিয়াল্লিশ) মেঃ টন	৬,০৬,৬৬০.৫১ (ছয় লক্ষ ছয় হাজার ছয়শত ষাট দশমিক পঁচ এক) মে. টন

৪	শুকনা ও অন্যান্য খাবার [মিনিকেট চাল ১০ কেজি; দেশী মুসুর ডাল ০১ কেজি প্যাকেট; আয়োডিনযুক্ত লবণ ০১ (এক) কেজি প্যাকেট; চিনি ০১ (এক) কেজি প্যাকেট; চিড়া (এক কেজির প্যাকেট ২ টি) ০২ (দুই) কেজি; সয়াবিন তেল ০১ (এক) লিটারের বোতল; নুডুলস ৫০০ (পাঁচশত) গ্রাম]	৩৪,২৫১ (চৌত্রিশ হাজার দুইশত একান্ন) প্যাকেট	৬,৮৭,৭০০ (ছয় লক্ষ সাতাশি হাজার সাত শত) প্যাকেট	৭,২১,৯৫১ (সাত লক্ষ একুশ হাজার নয়শত একান্ন) প্যাকেট
৫	টেউটিন	১,৩০০ বান্ডিল	৩১,৮০০ (একত্রিশ হাজার আটশত) বান্ডিল	৩৩,১০০ (তেত্রিশ হাজার একশত) বান্ডিল
৬	গৃহ নির্মাণ মঞ্জুরী	৩৯,০০,০০০/- টাকা	৯,৫৪,০০,০০০/- (নয় কোটি চুয়ান্ন লক্ষ) টাকা	৯,৯৩,০০,০০০/- (নয় কোটি তিরানব্বই লক্ষ) টাকা
৭।	সংযুক্ত আরব আমিরাত সরকার থেকে প্রাপ্ত খাদ্য সামগ্রী	৭০০ কার্টুন	-	৭০০ কার্টুন

৭ (গ)। ৩৩৩ এর মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মানবিক সহায়তার বিবরণ (২৬/১০/২০২১ তারিখ পর্যন্ত):

ব্রাণ কার্য (নগদ অর্থ) টাকা	সকল জেলা (পৌরসভাসহ)	সকল সিটি করপোরেশন	সর্বমোট
উপকারভোগী পরিবার সংখ্যা	৩,১৭,৪১০ টি	১২,৩০৪ টি	৩,২৯,৭১৪ টি
উপকারভোগী লোক সংখ্যা	১৫,৮২,৭৫৪ জন	৫৯,৮৯৭ জন	১৬,৪২,৬৫১ জন

৮। দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী আদেশাবলী ২০১৯ সহ অন্যান্য বিধিবিধান অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।



২৭-১০-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১এনডিআরসিসি অনুবিভাগদুর্যোগ
ব্যবস্থাপনা ও ব্রাণ মন্ত্রণালয়

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:
controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৪০/১(১৭০)

তারিখ: ১১ কার্তিক ১৪২৮
২৭ অক্টোবর ২০২১

সদয় অবগতির জন্য প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)
- ১৩) সহকারী পরিচালক, যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



২৭-১০-২০২১

কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা